

প্রথম বাংলাদেশি হিসেবে গ্যালিলিও গ্যালিলি পদক পেলেন এনএসইউ'র মাহদী রহমান চৌধুরী

ইন্টারন্যাশনাল কমিশন ফর অপটিক্স (আইসিও) কর্তৃক মর্যাদাপূর্ণ ২০২৩ গ্যালিলিও গ্যালিলি মেডেলে ভূষিত হয়েছেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর মাহদী রহমান চৌধুরী।



অপটিক্যাল ও কোয়ান্টাম ম্যানিপুলেশনের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তিনি এ পদক অর্জন করেন। প্রথম বাংলাদেশি হিসেবে বিশ্বব্যাপী প্রশংসিত এই পুরস্কার পেয়েছেন ডক্টর চৌধুরী।

তার গবেষণা এরই মধ্যে নেচার পাবলিশিং গ্রুপের লাইট: সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশনস, এসিএস ন্যানো এবং অপটিক্স এক্সপ্রেসের মতো নেতৃস্থানীয় বৈজ্ঞানিক জার্নালে প্রকাশিত হয়েছে।

তিনি ২০১৮ সালে নর্থ সাউথ

ইউনিভার্সিটি এবং টিডব্লিউএএস (দ্য ওয়ার্ল্ড একাডেমি অব সায়েন্স) এর আন্তর্জাতিক অনুদানের অর্থায়নে এনএসইউ অপটিক্স ল্যাব প্রতিষ্ঠা করেন। তার তত্ত্বাবধানে বেশ কয়েকজন শিক্ষার্থী কর্নেল ইউনিভার্সিটি এবং জনস হপকিন্স ইউনিভার্সিটির মতো বিশ্বখ্যাত প্রতিষ্ঠানে পিএইচডি প্রোগ্রামের জন্য পূর্ণ বৃত্তি অর্জন করেছেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাবেক শিক্ষার্থী ডক্টর চৌধুরী ২০১১ সালে ইইইতে বিএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর থেকে অপটিক্সে পিএইচডি ডিগ্রি অর্জন করেন এবং ২০১৭ সালে এনএসইউতে যোগ দেন। অসামান্য গবেষণা কৃতিত্বের জন্য তিনি দুইবার এনএসইউ রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ২০১৮ সালে ইউজিসি গোল্ড মেডেল অ্যাওয়ার্ড লাভ করেন। ■ সংবাদ বিজ্ঞপ্তি

